দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ...1 6 MAR 1989... ...
পৃষ্ঠা... .. ... 4 কলাম 7 ... ...

52

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রীষ্মকালীন ও রমজানের ছুটি এবারও কমানোর প্রস্তাব

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সেশন জট নিরসনকল্পে গতবছর অর্থাৎ ১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষের ক্যালেণ্ডার থেকে গ্রীষ্মকালীন ও রমজানের ছুটি হ্রাস করেছিলেন। এবারও ঐ ধরনের পদক্ষেপ গ্রহণ করলে সাধারণ ছাত্রছাত্রীরা অনেক উপকৃত হবে।

বর্তমানে বিশ্ববিদ্যালয়ের প্রায় প্রতিটি কোর্সই বিভিন্ন কারণে পিছিয়ে আছে। কিন্তু এবার অর্থাৎ, ১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষের ক্যালেণ্ডারে আগামী ৮ই এপ্রিল শনিবার হতে ১৮ই মে বৃহস্পতিবার পর্যন্ত দীর্ঘ ৪১ দিন গ্রীষ্ম ও রমজানের ছুটি উপলক্ষে ক্লাশসমূহ বন্ধ রাখার ব্যবস্থা রয়েছে। যা কিনা এমুহূর্তে প্রায় প্রতিটি ছাত্রছাত্রীর কাছেই অনাকাঙ্ক্ষিত।

অতএব, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে সাধারণ ছাত্রছাত্রীদের পক্ষ থেকে আমাদের কথা-- রমজানের ছুটিতে বিশ্ববিদ্যালয়ের প্রতিটি বিভাগীয় অফিস হতে শুরু করে সকল অফিসে স্বাভাবিকভাবে যখন কাজ-কর্ম চলে; এমনকি উক্ত বন্ধের মধ্যেও বিভিন্ন বর্ষ ও বিভাগের ফাইনাল পরীক্ষার মত এমন একটা কঠিন বিষয়ও যথারীতি অনুষ্ঠিত হবার ব্যবস্থা আছে বা হয়ে থাকে তখন আমাদের মনে হয় গ্রীষ্মকালীন এবং রমজানের ছুটি হ্রাস করে শুধুমাত্র পবিত্র ঈদের আগে-পরে ১০ দিনের ছুটির ব্যবস্থা করে বাকী একমাস ক্লাস হলে সেশন জট নিরশনে কিছুটা সহায়ক হবে। আশা করি মাননীয় উপাচার্য তথা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং ডাকসু আমার উপরোক্ত প্রস্তাবটি সহৃদয়তার সাথে বিবেচনা করে দেখবেন।

সনজিৎ কুমার দত্ত (খোকন)
এম কম, (শেষ পর্ব),
হিসাব বিজ্ঞান বিভাগ,
৩৫৯ই, জগন্নাথ হল,
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।